ঢাবি আন্তঃহল সাঁতার প্রতিযোগিতায় অমর একুশে হল ও শামসুন নাহার হল চ্যাম্পিয়ন

ঢাকা বিশ্ববিদ্যালয় ৪৬তম আন্তঃহল সাঁতার প্রতিযোগিতা আজ ২৬ সেপ্টেম্বর ২০১৯ বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের সুইমিং পুলে অনুষ্ঠিত হয়েছে।
ছাত্র বিভাগে অমর একুশে হল এবং ছাত্রী বিভাগে শামসুন নাহার হল চ্যাম্পিয়ন
হয়েছে। ছাত্র বিভাগে বিজয় একাত্তর হল রানার-আপ হয়েছে। ছাত্রী বিভাগে
বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল ও রোকেয়া হল যুগ্মভাবে রানার-আপ
হয়েছে। এছাড়া অমর একুশে হলের মো. সাইফুল ইসলাম রাসেল এবং শামসুন নাহার হলের সাদিয়া ইসলাম মোনা সেরা সাঁতারু নির্বাচিত হয়েছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকালে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।



প্রতিযোগিতা শেষে প্রো-ভাইস চ্যান্সেলর
(প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত
থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে শারীরিক শিক্ষা কেন্দ্রের
উপদেষ্টা অধ্যাপক ড. এম জিয়াউল হক মামুন, অধ্যাপক ড. জেড এম পারভেজ
সাজ্জাদ, ঢাকা বিশ্ববিদ্যালয় সাঁতার ও ওয়াটারপোলো কমিটির সভাপতি ড.
মোহাম্মাদ হুমায়ুন কবির এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের পরিচালক (ভারপ্রাপ্ত)
মো. শাহজাহান আলীসহ বিভিন্ন হলের প্রাধ্যক্ষ ও আবাসিক

শিক্ষকবৃন্দ
উপস্থিত ছিলেন।
উল্লেখ্য, ঢাবি আন্তঃহল সাঁতার প্রতিযোগিতায় ৯টি হলের ছাত্র ও ছাত্রীদের অংশগ্রহনে মোট ১৩টি ইভেন্ট অনুষ্ঠিত হয়। প্রতিটি ইভেন্টে
প্রথম. দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীকে মেডেল প্রদান করা হয়েছে।